

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 13-09-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৰেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি শক্তিশালী ও দূৰদৰ্শী ৰূপৰেখা, যা প্রধানমন্ত্রী নৱেন্দ্ৰ মোদিৰ নেতৃত্বে গৃহীত একটি কৌশলগত জাতীয় লক্ষ্য।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্ৰিপুরা স্বাস্থ্য, শিক্ষা এবং খেলাধুলাৰ মতো গুৰুত্বপূৰ্ণ ক্ষেত্ৰগুলিতে বিশ্বৰ দৰবাৰে নিজেকে প্ৰতিষ্ঠিত কৰতে পৰেছে।
- (৩) প্রধানমন্ত্রী নৱেন্দ্ৰ মোদী আজ মিজোৰাম ও মনিপুৰে বৈশিষ্ট্য উন্নয়নমূলক প্ৰকল্পৰ উদ্বোধন ও শিলান্যাস কৰেন।
- (৪) ত্ৰিপুরা হাইকোর্ট সহ ৰাজ্যৰ সব জেলা এবং মহকুমা আদালত চহৰে আজ তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**Governor-NEP 2020 :**

ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৰেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি শক্তিশালী ও দূৰদৰ্শী ৰূপৰেখা, যা প্রধানমন্ত্রী নৱেন্দ্ৰ মোদিৰ নেতৃত্বে গৃহীত একটি কৌশলগত জাতীয় লক্ষ্য। এটি ভাৰতৰ ঐতিহ্যগত মৰ্যাদাকে ফিৰিয়ে এনে বিশ্বগুৰু হিসেবে প্ৰতিষ্ঠিত কৰাৰ উদ্দেশ্যে প্ৰণয়ন কৰা হৈছে। আজ ত্ৰিপুরা বিশ্ববিদ্যালয়ৰ এমবিবি অডিটোৰিয়ামে বিশ্ববিদ্যালয়ৰ সংস্কৃত বিভাগ আয়োজিত দুদিনব্যাপী জাতীয় শিক্ষানীতি ২০২০ বিষয়ে কৰ্মশালাৰ উদ্বোধন কৰে তিনি একথা বলেন। ৰাজ্যপাল বলেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ য়াৰ মূল লক্ষ্য ভাৰতীয় মূল্যবোধৰ উপৰ একটি শিক্ষাব্যবস্থা গড়ে তোলা। শিক্ষার্থীৰা প্ৰতিযোগিতাৰ বাজাৰে যাতে নিজেদের সেৱা তুলে ধৰতে পাৰেন সেদিকেও জাতীয় শিক্ষানীতি নজৰ দিয়েছে। তিনি বলেন, এই নীতি নমনীয় ও বহুমুখী যা ভাৰতীয় ভাষা ও জ্ঞান ব্যৱস্থাকে গভীৰভাৱে

উৎসাহিত করবে এবং ঐতিহ্যগত জ্ঞানকে ভবিষ্যতের প্রযুক্তির সঙ্গে একত্রীভূত করবে। উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ বলেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি যুগান্তকারী শিক্ষানীতি, যা শিক্ষার্থীদের দারুণভাবে কাজে আসবে।

\*\*\*\*\*

### **National Forensic University :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা স্বাস্থ্য, শিক্ষা এবং খেলাধুলার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বিশ্বের দরবারে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছে। আজ গুজরাটের গান্ধীনগরে ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটিতে ওডোন্টলোজি বিষয়ে আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি জানান ফরেনসিক ওডোন্টলোজি দন্ত বিজ্ঞানের একটি বিশেষ ক্ষেত্র যা বিভিন্ন আইনি বিষয় মোকাবেলায় দাঁতের প্রমাণ ব্যবহার করে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় এখন সরকারি ডেন্টাল কলেজ থেকে শুরু করে আইন বিশ্ববিদ্যালয়, কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় রয়েছে।

#####Byte-CM#####

\*\*\*\*\*

### **Governor-ICFAI :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ডিগ্রি কোন বিষয়ের সমাপ্তি নয়, বরং এটি ধারাবাহিক শিক্ষার একটি সুযোগ। এই সুযোগ কাজে লাগিয়ে তরুণ প্রজন্মকে বিশ্বের দরবারে পৌঁছে যেতে হবে। আজ বিকালে ইকফাই বিশ্ববিদ্যালয়ের ২০তম সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, শিক্ষাপ্রাণে নতুন যেসমস্ত দিক উন্মোচিত হয়েছে সেগুলি কাজে লাগিয়ে ছাত্রছাত্রীদের নিজেদের যেমন বিকশিত করতে হবে তেমনি দেশকেও গর্বকরার মতো এক জায়গায় নিয়ে যেতে হবে। ছাত্রছাত্রীরা ত্রিপুরাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে বিশেষ ভূমিকা নেবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেন। রাজ্যপাল বলেন, উত্তরপূর্ব ভারতের

উৎকর্ষের অনন্য প্রতিষ্ঠান হিসেবে ইকফাই বিশ্ববিদ্যালয় আগামী দিনে আরও উচ্চতায় পৌঁছে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বন্ধন ব্যাঙ্কের প্রতিষ্ঠাতা ও এর চেয়ারম্যান চন্দ্রশেখর ঘোষ। এছাড়াও বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার প্রফেসর ড. টি তিরোপতি রাও, এনইআরসি, ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সায়েন্স শিলং-র অধ্যাপক ড. ভাগিরথী পান্ডা প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন ও সাফল্যের চিত্র তুলে ধরেন ইকফাই'র উপাচার্য অধ্যাপক ড. বিপ্লব হালদার।

সমাবর্তনে বন্ধন ব্যাঙ্কের চেয়ারম্যান চন্দ্রশেখর ঘোষকে সম্মানসূচক ডিগ্রি প্রদান করা হয়। রাজ্যপাল এই ডিগ্রি প্রদান করেন। এছাড়াও রাজ্যপাল ইন্ড্রসেনা রেড্ডি নাল্লু এবং অন্যান্য অতিথিগণ পিএইচডি গবেষক, স্নাতকোত্তর এবং স্নাতক ছাত্রছাত্রীদের সার্টিফিকেট এবং পদক প্রদান করেন।

\*\*\*\*\*

#### **Minister Tinku Roy :**

BJP'র উদ্যোগে আজ বিকালে কৈলাশহর পুর ভবন প্রাঙ্গণে এক জনসভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, দলের উনকোটি জেলা সভাপতি বিমল কর। বক্তব্য রাখেন শ্রমমন্ত্রী টিংকু রায়, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ। বক্তারা বলেন, বর্তমানে রাজ্যে কেন্দ্র ও রাজ্য সরকার জনকল্যাণে বহুমুখী কর্মসূচি রূপায়ন করছে। তারা কংগ্রেস, সি.পি.আই(এম) দলের সমালোচনা করেন।

\*\*\*\*\*

#### **Voice Over-GST REFORMS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বাধীনতা দিবসের ভাষণে দীপাবলির আগে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার ঘোষণা করেছিলেন। তেসরা সেপ্টেম্বর জিএসটি কাউন্সিল নাগরিকদের জীবনযাত্রা সহজ করার জন্য বিভিন্ন ক্ষেত্রে করের

হাৰ হ্ৰাস কৰাৰ মাধ্যমে প্ৰধানমন্ত্ৰীৰ সেই ভাবনা বাস্তৱায়িত কৰাৰ প্ৰয়াস  
নিৰ্বেছিল। আজ, আমাৰা কৰমুক্ত পণ্যেৰ সংস্কাৰগুলি একবাৰ শুনে নেব।

#####VC#####

\*\*\*\*\*

### Update Akashvani :

এখবৰ শুনছেন, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীৰ সংবাদেৰ আপডেট পেতে লগ ইন কৰুন – ডব্লিউ. ডব্লিউ.  
ডব্লিউ ডট নিউজ অন এ আই আৰ ডট কম এং নিউজ অন এ-আই-  
আৰ অ্যাপ, এং টুইটাৰ ও ফেসবুক প্লাটফৰ্মে-এ এ-আই-আৰ-নিউজ-  
এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য কৰুন নিউজ-অন-এআইআৰ-  
অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগৰতলাৰ সংবাদ আপডেট পেতে দেখুন টুইটাৰ  
বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগৰতলা / ফেসবুকে এ-আই-আৰ  
নিউজ আগৰতলা এং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগৰতলা।

\*\*\*\*\*

### PM-Mizoram :

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী আজ ৮,০৭০ কোটি টাকা ব্যয়ে নিৰ্মিত বৈৰাৰি-  
সাইৰাং ব্ৰডগেজ ৰেলপথেৰ উদ্বোধন কৰেছেন। উত্তৰপূৰ্বেৰ মিজোৰাম এৰ  
মাধ্যমে ৰেলপথে দেশেৰ বাকি অংশেৰ সঙ্গে যুক্ত হলো। প্ৰধানমন্ত্ৰী সকালে  
প্ৰতিকূল আবহাওয়াৰ কাৰণে তুআম্পুই হেলিপ্যাডে অবতৰণ কৰতে না  
পাৰে লেংপুই বিমানবন্দৰে অবতৰণ কৰেন। সেখান থেকেই তিনি ভিডিও  
কনফাৰেন্সে বৈৰাৰি-সাইৰাং ৰেলপথেৰ উদ্বোধন কৰেন। তিনি আজ আইজল  
ও দিল্লিৰ মধ্যে যাতায়াতেৰ জন্য প্ৰথম ৰাজধানী এক্সপ্ৰেছ ট্ৰেন, আইজল-  
গুয়াহাটি এং আইজল-কলকাতা ট্ৰেন পৰিষেবাৰও উদ্বোধন কৰেন।  
একইসঙ্গে তিনি ৯,০০০ কোটি টাকারও বেশি একাধিক প্ৰকল্পেৰ ভিত্তিপ্ৰস্তাৱ

স্থাপন করেন, যার মধ্যে ৪৫ কিলোমিটার আইজল বাইপাস সড়ক, ৩০ টিএমটিপিএ গ্যাস বটলিং কারখানা এবং রাজ্য জুড়ে বেশ কয়েকটি সড়ক প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এই সফরে পশ্চিম মিজোরামের মামিত জেলার কাওথায় একটি আবাসিক স্কুল এবং আইজলের তলংনুয়ামে একলব্য মডেল আবাসিক স্কুলের উদ্বোধন করেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী নিজের ভাষণে ভারতের উন্নয়ন যাত্রায় মিজোরামের দ্রুতবর্ধমান গুরুত্বের উপর জোর দেন।

#####Byte-PM#####

তিনি আরও বলেন, গত ১১ বছরে, এনডিএ সরকার উত্তর-পূর্বের উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে, কারণ এখানকার উন্নয়ন মানে সমগ্র দেশের উন্নয়ন।" তিনি ভারতের অ্যাক্ট ইস্ট নীতিতে মিজোরামের ভূমিকা তুলে ধরে একে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক করিডর হিসাবে বর্ণনা করেন।

\*\*\*\*\*

### **PM-Manipur Visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মণিপূরের সকল সংগঠনকে তাদের স্বপ্ন পূরণ এবং তাদের সন্তানদের ভবিষ্যৎ সুরক্ষিত করার জন্য শান্তির পথে যাত্রার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সরকার সন্তুষ্ট যে, সাম্প্রতিক সময়ে পাহাড় ও উপত্যকার বিভিন্ন গোষ্ঠীর সাথে চুক্তিতে পৌঁছানোর জন্য আলোচনা হয়েছে। তিনি পুনরায় নিশ্চিত করেন, ভারত সরকার মণিপূরের জনগণের সঙ্গে দৃঢ়ভাবে অবস্থান করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, ভারত সরকারের আলোচনা, পারস্পরিক শ্রদ্ধা এবং বোঝাপড়াকে অগ্রাধিকার দিয়ে শান্তি প্রতিষ্ঠার বৃহত্তর প্রয়াসের অংশ। মণিপূরের চুরাচাঁদপুরে ৭,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের ১৯টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধানমন্ত্রী এই কথা বলেন। এই প্রকল্পগুলির মধ্যে মণিপূর নগর সড়ক, জল নিষ্কাশন ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, পাঁচটি জাতীয় সড়ক প্রকল্প, মণিপূর ইনফোটেক উন্নয়ন প্রকল্প এবং নয়টি জায়গায় কর্মরত মহিলা হোস্টেল। প্রধানমন্ত্রী আরও বলেন, আজকের

প্রকল্পগুলি মণিপুরের মানুষের জীবনকে পরিকাঠামো এবং স্বাস্থ্যসেবার ক্ষেত্রে উন্নত করবে। তিনি বলেন, মণিপুরের ভূমি সাহস ও শৌর্যের ভূমি। শ্রী মোদী বলেন, মণিপুর ভারতের অগ্রগতির গুরুত্বপূর্ণ স্তম্ভ। প্রধানমন্ত্রী উল্লেখ করেন, ২০১৪ থেকে সরকার এই অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা উন্নত করার উপর জোর দিয়েছে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার রেল, সড়ক ও গ্রামীণ যোগাযোগের জন্য বাজেট বৃদ্ধি করেছে। প্রধানমন্ত্রী মণিপুরের জনগণের সাহস, নমনীয়তা এবং দূততারও প্রশংসা করেন।

#####Byte-PM#####

\*\*\*\*\*

#### **National Lok Adalat :**

ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে আজ তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব কুমা দত্ত চৌধুরী জানান, লোক আদালতে ৩৯টি বেঞ্চে ৩১,৭৮৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়েছে। লোক আদালতে ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ২৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। তিনি জানান, এখন পর্যন্ত লোক আদালতে সিপাহিজলা ছাড়া বাকি সব জেলা মিলিয়ে ১৪ হাজার ৬৩ মামলার নিষ্পত্তি হয়েছে।

\*\*\*\*\*

#### **PM-Nepal :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য সুশীলা কার্কিকে অভিনন্দন জানিয়েছেন। উল্লেখ্য, দুর্নীতিবিরোধী বিক্ষোভের ফলে কেপি শর্মা ওলি সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর নেপালের সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি সুশীলা কার্কি দেশের অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী হন। মণিপুরের ইক্ষলে এক সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, হিমালয়ের কোলে অবস্থিত নেপাল ভারতের ঘনিষ্ঠ বন্ধু এবং বিশ্বস্ত অংশীদার। শ্রীমতী সুশীলা নেপালে শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির পথ প্রশস্ত করবেন বলে আত্মবিশ্বাস প্রকাশ করে

শ্রী মোদী উল্লেখ করেন যে, নেপালের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসেবে শ্রীমতী সুশীলার নিয়োগ নারী ক্ষমতায়নের এক অসাধারণ উদাহরণ। তিনি নেপালের উজ্জ্বল ও সমৃদ্ধ ভবিষ্যতের জন্য তাঁর শুভকামনা জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১ মিলিমিটার।

\*\*\*\*\*